

## কখন একটি প্রকল্পে CDM (নির্মাণ, ডিজাইন ও ব্যবস্থাপনা বিধিমালা) প্রযোজ্য?

### (When does CDM (Construction, Design and Management Regulations) apply to a project?)

সিডিএম বিধিমালা সব সাধারণ ভবনাদি, সিভিল ইঞ্জিনিয়ারিং ও প্রকৌশলীয় নির্মাণ কাজের ক্ষেত্রে প্রযোজ্য। আপনাকে অবশ্যই এইচএসই-কে নির্মাণ স্থান সম্পর্কে জানাতে হবে যদি সম্ভাব্য নির্মাণ কাজ

- ৩০ দিনের বেশী সময় ধরে চলবে; অথবা
- নির্মাণকাজে ৫০০ জনদিবস এর বেশী লাগবে;

নির্মাণকাজ শুরুর আগেই এইচএসই-কে জানাতে হবে; এজন্য F10 ফরম ব্যবহার করতে পারেন। প্রস্তাবিত নির্মাণস্থলের সবচেয়ে নিকটবর্তী এইচএসই অফিসে আপনার অবগতকরণ পত্র পাঠাতে হবে।

- F10 ফরম

স্বাস্থ্য ও নিরাপত্তা জন্য যেখানে স্থানীয় কর্তৃপক্ষ আইন প্রণয়ন করে থাকে, সেসব স্থানে নির্মাণকাজের জন্য CDM বিধিমালা প্রযোজ্য নয়। এর অর্থ হলো যেখানে কাজের জন্য জানানোর প্রয়োজন নেই এবং যদি নির্মাণ কাজটি নিচের যে কোন ধরনের হয়ঃ

- অফিস দোকানপাট ও এধরনের প্রতিষ্ঠানের ভিতরে হয়, যেখানে কাজটি সংশ্লিষ্ট আঙ্গিনার স্বাভাবিক কর্মকান্ডের ব্যাঘাত না ঘটায় এবং অন্যান্য কর্মকান্ডের সাথে নির্মাণ কাজকে আলাদা করে না ফেলে; অথবা
- পাইপ বয়লার অথবা হিটিং বা পানি সরবরাহ সিস্টেমের অন্যান্য পার্টস্ এর সংরক্ষণ কাজ বা পাইপের বিদ্যুৎ শক নিবারণী আবরণ (ইনসুলেশন) সরানোর কাজ; তাহলে এগুলো সিডিএম বিধিমালার অওতাধীন হবে না।

এই ব্যতিক্রম ছাড়া, সিডিএম বিধিমালা নির্মাণ কাজের (ভবন ভেঙ্গে ফেলা ও খুলে ফেলাসহ) জন্য করা সব ডিজাইন কাজের উপরও প্রযোজ্য।

ঠিকাদারদের ক্ষেত্রে সিডিএম বিধি সব ভবন ভাঙ্গা ও ভবন খুলে ফেলার উপরও প্রযোজ্য। শর্তগুলো অন্যান্য নির্মাণ কাজের প্রতিও প্রযোজ্য, যদি নাঃ

- কাজটি ৩০ দিন বা এর কম স্থায়ী হবে এবং কার্যস্থানে একই সময়ে পাঁচজনের কম কর্মচারী থাকে; অথবা
- কাজটি কোনো অভ্যন্তরীণ গ্রাহকের (অর্থাৎ যিনি কাজ যেখানে হচ্ছে সেই সম্পত্তিতেই থাকেন; বা থাকবেন)। এক্ষেত্রে শুধু এইচএসই কে জানানোর দায়িত্ব ও ডিজাইনারদের প্রতি প্রযোজ্য শর্তাবলী প্রযোজ্য হবে। অবশ্য, কিছু কিছু ক্ষেত্রে অভ্যন্তরীণ গ্রাহক ব্যবসা, বাণিজ্য বা অন্য কর্মকান্ডে জড়িত ডেভেলপার এর সাথে একটি চুক্তিভিত্তিক ব্যবস্থায় আসতে পারেন। উদাহরণ হিসাব কোনো ডেভেলপার প্রকল্প শেষ হবার আগেই বাড়ী জমিসহ সম্পত্তি বিক্রি করে দিতে পারেন। অভ্যন্তরীণ গ্রাহক তখন অসমাপ্ত সম্পত্তির মালিক থাকেন, কিন্তু ডেভেলপার তথাপি যে নির্মাণ কাজ করার কথা তা সম্পন্ন করবেন। এই ক্ষেত্রে সিডিএম শর্তাদি ডেভেলপারের ওপর বর্তায়।

সূত্রঃ

HSG150 - Health and Safety in Construction (ISBN 0717621065 - HSE Books-এ পাওয়া যায়)।